**আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু**

**বিসমিল্লাহির রহমাহির রহীম**

**আজকের আলোচনার বিষয়: الرُّعْبَ (আর রুয়'বা) Ar-ruba অর্থ শঙ্কা, আতঙ্ক, ভয়; Panic, Fear এই শব্দটি পবিত্র কুরআন মাজীদে ৫টি আয়াতে ব্যবহৃত হয়েছে।**

১. আমি (আল্লাহ) কাফিরদের হৃদয়ে **ভীতির** সঞ্চার করব, যেহেতু তারা আল্লাহর সাথে শরীক করেছে।

**سَنُلْقِى فِى قُلُوبِ الَّذِينَ كَفَرُواْ الرُّعْبَ بِمَا أَشْرَكُواْ بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَـٰنًا وَمَأْوَٮٰهُمُ النَّارُ وَبِئْسَ مَثْوَى الظَّـٰلِمِينَ**

**যারা অবিশ্বাস করেছে, আমি সত্ত্বর তাদের অন্তরে ভীতি সঞ্চার করব, যেহেতু তারা আল্লাহর সাথে সেই বিষয়ে অংশী স্থাপন করেছে যদ্বিষয়ে তিনি কোন প্রমাণ অবতীর্ণ করেননি এবং জাহান্নাম তাদের অবস্থান স্থল এবং ওটা অত্যাচারীদের জন্য নিকৃষ্ট বাসস্থান! (৩:১৫১)**

**We will cast horror into the hearts of the disbelievers for associating ˹false gods˺ with Allah—a practice He has never authorized. The Fire will be their home—what an evil place for the wrongdoers to stay! (3:151)**

২. যারা কুফরী করে আমি (আল্লাহ) তাদের হৃদয়ে **ভীতির** সঞ্চার করব।

**إِذْ يُوحِى رَبُّكَ إِلَى الْمَلَائِكَةِ أَنِّى مَعَكُمْ فَثَبِّتُواْ الَّذِينَ ءَامَنُواْ ۚ سَأُلْقِى فِى قُلُوبِ الَّذِينَ كَفَرُواْ الرُّعْبَ فَاضْرِبُواْ فَوْقَ الْأَعْنَاقِ وَاضْرِبُواْ مِنْهُمْ كُلَّ بَنَانٍ**

**স্মরণ কর, যখন তোমার রাব্ব মালাক/ফেরেশতার নিকট প্রত্যাদেশ করলেনঃ আমি তোমাদের সাথে আছি। সুতরাং তোমরা ঈমানদারদের সুপ্রতিষ্ঠিত ও অবিচল রাখ, আর যারা কাফির, আমি তাদের হৃদয়ে ভীতি সৃষ্টি করে দিব। অতএব তোমরা তাদের স্কন্ধে আঘাত হান, আর আঘাত হান তাদের অঙ্গুলিসমূহের প্রতিটি জোড়ায়। (৮:১২)**

**Remember, O Prophet, when your Lord revealed to the angels, "I am with you. So make the believers stand firm. I will cast horror into the hearts of the disbelievers. So strike their necks and strike their fingertips." (8:12)**

**ব্যাখ্যা: বদরের যুদ্ধের সময়ে অবতীর্ণ আয়াত।**

**Click here http://www.morningbrightness.fi/**

৩. তাকাইয়া তাদের দেখলে তুমি পেছন ফেরে পলায়ন করতে এবং উহাদের **ভয়ে** আতঙ্কগ্রস্থ হয়ে পড়তে।

**وَتَحْسَبُهُمْ أَيْقَاظًا وَهُمْ رُقُودٌ وَنُقَلِّبُهُمْ ذَاتَ الْيَمِينِ وَذَاتَ الشِّمَالِ وَكَلْبُهُم بَاسِطٌ ذِرَاعَيْهِ بِالْوَصِيدِ لَوِ اطَّلَعْتَ عَلَيْهِمْ لَوَلَّيْتَ مِنْهُمْ فِرَارًا وَلَمُلِئْتَ مِنْهُمْ رُعْبًا**

**তুমি মনে করতে তারা জাগ্রত, কিন্তু তারা ছিল নিদ্রিত; আমি তাদেরকে পার্শ্ব পরিবর্তন করাতাম ডানে ও বামে এবং তাদের কুকুর ছিল সম্মুখের পা দু'টি গুহাদ্বারে প্রসারিত করে; তাকিয়ে তাদেরকে দেখলে তুমি পিছন ফিরে পালিয়ে যেতে এবং তাদের ভয়ে আতংকগ্রস্ত হয়ে পড়তে। (১৮:১৮)**

**And you would have thought they were awake, though they were asleep. We turned them over, to the right and left, while their dog stretched his forelegs at the entrance. Had you looked at them, you would have certainly fled away from them, filled with horror. (18:18)**

**এখানে, কয়েকটি আয়াতে আল্লাহ তায়ালা ঐ ঈমানদার যুবকদের সম্পর্কে বলেছেন, যারা যালিম শাসকদের থেকে ঈমান বাঁচানোর জন্য গুহায় আশ্রয় নিয়েছিলেন।**

৪. এবং তাদের (ইহুদিদের) অন্তরে **ভীতির** সঞ্চার করলেন।

**وَأَنزَلَ الَّذِينَ ظَـٰهَرُوهُم مِّنْ أَهْلِ الْكِتَـٰبِ مِن صَيَاصِيهِمْ وَقَذَفَ فِى قُلُوبِهِمُ الرُّعْبَ فَرِيقًا تَقْتُلُونَ وَتَأْسِرُونَ فَرِيقًا**

**কিতাবীদের মধ্যে যারা তাদেরকে সাহায্য করেছিল তাদেরকে তিনি তাদের দুর্গ হতে অবতরণে বাধ্য করলেন এবং তাদের অন্তরে ভীতি সঞ্চার করলেন; ফলে তোমরা তাদের কতককে হত্যা করেছ এবং কতককে করছ বন্দী। (৩৩:২৬)**

**And He brought down those from the People of the Book who supported the enemy alliance from their own strongholds, and cast horror into their hearts. You ˹believers˺ killed some, and took others captive. (33:26)**

**ব্যাখ্যা: আহযাব (বা খন্দক) যুদ্ধের সময়ে অবতীর্ণ আয়াত।**

৫. তাদের অন্তরে তা (অর্থাৎ আল্লাহর শাস্তি) **ত্রাসের** সঞ্চার করলো।

هُوَ الَّذِى أَخْرَجَ الَّذِينَ كَفَرُواْ مِنْ أَهْلِ الْكِتَـٰبِ مِن دِيَـٰرِهِمْ لِأَوَّلِ الْحَشْرِ مَا ظَنَنتُمْ أَن يَخْرُجُواْ وَظَنُّواْ أَنَّهُم مَّانِعَتُهُمْ حُصُونُهُم مِّنَ اللَّهِ فَأَتَـٰهُمُ اللَّهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُواْ وَقَذَفَ فِى قُلُوبِهِمُ الرُّعْبَ يُخْرِبُونَ بُيُوتَهُم بِأَيْدِيهِمْ وَأَيْدِى الْمُؤْمِنِينَ فَاعْتَبِرُواْ يَـٰأُوْلِى الأَبْصَارِ

**তিনিই কিতাবীদের মধ্যে যারা কাফির তাদেরকে প্রথম সমাবেশেই তাদের আবাসভূমি হতে বিতাড়িত করেছিলেন। তোমরা কল্পনাও করনি যে, তারা নির্বাসিত হবে এবং তারা মনে করেছিল যে, তাদের দুর্ভেদ্য দুর্গগুলি তাদেরকে রক্ষা করবে আল্লাহ হতে; কিন্তু আল্লাহর শাস্তি এমন এক দিক হতে এলো যা ছিল তাদের ধারনাতীত এবং তাদের অন্তরে তা ত্রাসের সঞ্চার করল। তারা ধ্বংস করে ফেলল তাদের বাড়ীঘর নিজেদের হাতে এবং মু'মিনদের হাতেও। অতএব হে চক্ষুস্মান ব্যক্তিবর্গ! তোমরা উপদেশ গ্রহণ কর! (৫৯:২)**

**He is the One Who expelled the disbelievers of the People of the Book from their homes for ˹their˺ first banishment ˹ever˺. You never thought they would go. And they thought their strongholds would put them out of Allah's reach. But ˹the decree of˺ Allah came upon them from where they never expected. And He cast horror into their hearts so they destroyed their houses with their own hands and the hands of the believers. So take a lesson ˹from this˺, O people of insight! (59:2)**

**ব্যাখ্যা: ইহুদি বনু নাজির গোত্রকে মুসলমান সৈন্যরা অবরোধ করেছিল, কারণ তারা চুক্তি ভঙ্গ করেছিল। এবং তাদেরকে নির্বাসিত করা হয়েছিল।**

প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহই মানুষের অন্তরের খবর রাখেন। তিনিই যালিম, মুনাফিক ও কাফেরদের অন্তরে ভীতির সঞ্চার করেন এবং তারা এই দুনিয়ায় আল্লাহর শাস্তি ভোগ করেন। যালেম ক্ষমতাসীনদের তিনি (আল্লাহ) এভাবেই পরাস্ত করে নির্বাসিত করে থাকেন। আল্লাহর নিয়মনীতি পরিবর্তন করা কারো পক্ষে সম্ভব নয়।
কোরআনের এই আয়াতগুলো থেকে মুসলমানদের উচিত শিক্ষা গ্রহণ করা এবং ধৈর্য ধারণ করে যুলুমের বিরুদ্ধে সোচ্চার হওয়া। আল্লাহ আমাদের সঠিক পথ প্রদর্শন করুন।

**আমীন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

**Click here** [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)